নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University
Sonapur, Noakhali-3814

Phone : 02334496535
Fax : 032162788
Mobile : 01819509301
Email : esdm@office.nstu.edu.bd
Website: www.nstu.edu.bd

পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ
Dept.of Environmental Science & Disaster Management

স্মারক নং-নোবিপ্রবি/ইএসডিএম/ ২০২৫/ তারিখঃ ০৬ আগস্ট ২০২৬ ইং

## স্নাতকোত্তর (মাস্টার্স) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে (নিয়মিত) স্নাতকোত্তর (মাস্টার্স) (**MS in Environmental Science**) এ ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অফিস চলাকালীন সময়ে বিভাগীয় অফিস থেকে/ অনলাইনে আবেদন ফরম সংগ্রহ এবং পূরণকৃত ফরম **০৬ আগস্ট ২০২৬ হতে ২৫ আগস্ট ২০২৬** পর্যন্ত জমা দেওয়া যাবে। আবেদন ফরমের মূল্য ১০০০ (এক হাজার) টাকা (অফেরৎ যোগ্য)। অনলাইনে টাকা জমা দেওয়ার ব্যাংক হিসাবঃ চেয়ারম্যান ইএসডিএম, হিসাব নংঃ ০২০০০০৫৩৫০৩৫০, অগ্রণী ব্যাংক পিএলসি, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা।

১। **ডিগ্রিঃ MS in Environmental Science.**
২। **ডিগ্রির সময়কালঃ** Thesis গ্রুপের জন্য ডিগ্রির সময়কাল ১.৫ বছর এবং Non-Thesis গ্রুপের জন্য ডিগ্রির সময়কাল ১ বছর।
৩। **ভর্তি প্রক্রিয়াঃ ক.** আবেদনকারীকে বিভাগীয় ভর্তি কমিটির নিকট সাক্ষাৎকার প্রদান পূর্বক ভর্তি কমিটির সুপারিশক্রমে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি প্রদান করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে (অভ্যন্তরীণ প্রার্থীদের জন্য)। বহিঃস্থ প্রার্থীদের ক্ষেত্রে বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
৪। **ভর্তির যোগ্যতাঃ ক.** প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয়ের **B.Sc. (Honours) in Environmental Science** ডিগ্রিধারী হতে হবে।
**খ.** অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে **CGPA** শিথিলযোগ্য এবং বহি:স্থ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে নূন্যতম **CGPA** ২.৭৫ থাকতে হবে।
**গ.** বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক ভর্তিচ্ছু শিক্ষার্থী পূর্বে কোন প্রতিষ্ঠানে ভর্তিকৃত/ চাকুরিরত কি না ইত্যাদি বিষয়ে যাচাই-বাছাই পূর্বক সুপারিশকৃত প্রার্থীদের ভর্তি করা হবে।
**ঘ.** অসম্পূর্ন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
**ঙ.** পরিমার্জন ও পরিবর্ধনে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
৫। **আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করে সরাসরি/ ডাক/ কুরিয়ার যোগে নিম্নস্বাক্ষরকারীর ঠিকানায় প্রেরণ করতে হবেঃ-**
**ক.** শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং সার্টিফিকেট এর ফটোকপি।
**খ.** সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/ বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়নপত্রের ফটোকপি।
**গ.** ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি।
**ঘ.** ভর্তি ফরম ক্রয়ের রশিদ এর ফটোকপি/ব্যাংকে টাকা জমা দেওয়ার মূল রশিদ/ অনলাইন রশিদ।
**ঙ.** থিসিস ও প্রজেক্টের সম্ভাব্য সুপারভাইজারের সম্মতিপত্র (অভ্যন্তরীণ প্রার্থীদের জন্য)। বহিঃস্থ শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম সম্পন্নের পূর্বে থিসিস/ নন-থিসিস সুপারভাইজার নির্ধারণ করতে হবে।
**চ.** চাকুরিরত প্রার্থীকে নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে ক্লাসে যোগদান ও শিক্ষাকার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য সেমিস্টারব্যাপী সময়কাল অর্থাৎ ১৮ (আঠার) মাস (থিসিস)/ ১২ (বারো) মাসের (নন-থিসিস) ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/ অফিস আদেশ।
৬। **ভর্তি পরীক্ষা পদ্ধতিঃ ক.** ভর্তি পরীক্ষার পূর্ণমানঃ ৫০ [( এমসিকিউ-৩০, বর্ণনামূলক-১০; সময়ঃ ৪০ মিনিট); মৌখিক পরীক্ষাঃ ১০]।
**খ.** লিখিত পরীক্ষার তারিখ পরবর্তীতে জানানো হবে। লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষা একই দিনে অনুষ্ঠিত হবে।
**গ.** লিখিত ও মৌখিক পরীক্ষার নম্বর মিলিয়ে চূড়ান্তভাবে ভর্তিযোগ্য শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে।
**ঘ.** চূড়ান্ত ভর্তি ও ক্লাস শুরুর তারিখ পরবর্তীতে জানানো হবে।

ধন্যবাদান্তে

M. Zaman

অধ্যাপক ড. মোহাম্মদ মহিনুজ্জামান
সভাপতি, এমএস ইন এনভায়রনমেন্টাল সায়েন্স (শিক্ষাবর্ষঃ ২০২৪-২৫) ভর্তি কমিটি এবং
পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী-৩৮১৪।

অনুলিপিঃ
১। ডীন বিজ্ঞান অনুষদ, নোবিপ্রবি (সদয় অবগতির জন্য), ২। রেজিস্ট্রার, নোবিপ্রবি, ৩। হিসাব পরিচালক, নোবিপ্রবি।
৪। পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ), ৫। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি।
৬। ভর্তি কমিটির সকল সদস্যবৃন্দ।

**প্রয়োজনেঃ** জনাব ইকবাল হোসেন, ল্যাব ইন্সট্রাক্টর, ইএসডিএম, নোবিপ্রবি (+৮৮০১৮৮২১৪১৯৫৪) ); ইমেইলঃ iqbal@admin.nstu.edu.bd